আজকের কাগজ

তারিখ 03 DEC 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

102

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৭ ডিসেম্বর থেকে শিক্ষকরা ক্লাস নেয়া শুরু করছেন

**কাগজ প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি তাদের কর্মবিরতি প্রত্যাহার করে নিয়েছেন। সমিতির এক সিদ্ধান্তের প্রেক্ষিতে আগামী ৭ ডিসেম্বর থেকে বিশ্ববিদ্যালয় ক্লাস শুরু হবে। গত ২ নভেম্বর থেকে সন্ত্রাস দমনে সরকারের পক্ষ থেকে কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা কর্মবিরতি শুরু করেছিলেন।

গতকাল সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় ক্লাসে শিক্ষক সমিতির জরুরি এক সাধারণ সভায় কর্মবিরতি প্রত্যাহারের ঘোষণা দেয়া হয়। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী। সভায় একই সঙ্গে আগামী ৬ ডিসেম্বরের মধ্যে সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সন্ত্রাস বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহবান জানানো হয়েছে।